দর্শনার গ্রীসনগরে বিয়ের গীত শুনতে নারী পুরুষের ঢল

চুয়াডাঙ্গা সদরের দর্শনা থানার তিতুদহ ইউনিয়নের গ্রীসনগর গ্রামে বিয়ের গীত শুনতে নারী পুরুষের ঢল নেমেছে।

জানাযায় গতকাল শনিবার দর্শনা থানার তিতুদহ ইউনিয়নের গ্রীসনগর গ্রামে একটি বিয়েরগীত শুনতে নারী পুরুষ সহ সব বয়সি মানুষের ব্যাপক উপস্হিতি লক্ষ করা গেছে। গ্রাম বাসিরা জানালেন আগেরদিন শুক্রবার গ্রীসনগর গ্রামের আসাদুল হকের ছেলে রুবেল হোসেন এর শুভ বিবাহ সম্পন্ন হয়। শুভ বিবাহ আরো আনন্দময় করতে শনিবার তার নিজ বাড়িতে আয়োজন করা হয়।

বিয়েরগীত পরিবেশনকারি চুয়াডাঙার সরোজগন্জের মহিদুল বৈয়াতি ও তার একটি দল। ছোট ছোট পুরুষ ছেলেরা মেয়েদের সাজে সজ্জিত হয়ে বাজনার তালে তালে নেচে গেয়ে বিয়েরগীত পরিবেশন করে ও বর কনেকে ফুল মালা মিস্টি মুখে দিয়ে আনন্দ উৎসবের সাথে বরণ করার কাজটি করেন। আসাদুল ইসলামের বাড়ি ভিন্ন ধর্মি অনুষ্ঠান দেখতে এলাকার সব বয়সি মানুষের ঢল নামে বলে বাড়ির লোকজন জানালেন। এ বিষয়ে অত্র ইউনিয়নের ভাইস চেয়ারম্যান মোঃ তসলিম উদ্দিন সাগর জানান মাটির গানের কদর যুগে যুগে ছিল আছে থাকবে।

দামুড়হুদা আঃ ওদুদ শাহ ডিগ্রী কলেজের বাংলা বিভাগের প্রভাষক মিজানুর রহমান মন্ডল বল্লেন বাংলা সংস্কৃতির একটি বড় অংশ আমাদের অন্চলের বিয়েরগীত, আগে বেশ দেখা যেত,, এখন নানা মত পথের কারনে প্রায় বিলুপ্ত। তাও এ ধরনের অনুষ্ঠানের আয়োজন হলে গ্রামের সব বয়সি মানুষ দল বেধে শুনতে ও দেখতে আসে। বাংলাদেশ টেলিভিশনের লোকসংগীত শিল্পী ধীরু বাউল জানালেন আমাদের দেশের এ সব গীত ও গান লোকসংস্কৃতির শেকড় ও আদি অংশ।যে সংস্কৃতি গুলো সরকারি পৃষ্ঠপোশকতাার মাধ্যমে সংরক্ষন করা খ্বুই জরুরী,, তা না হলে বাংলা সংস্কৃতির মুল শ্রতধারা ধরে রাখা সম্ভব হবেনা।